**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 30-08-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Maan Ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হতে চলেছে 'মন-কি-বাত'–এর ১৩৭তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন:প্রচার করা হবে।মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সহ আজ আগরতলামুর্ক্তধারা অডিটরিয়ামমে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনবেন |

*****************

## M ,Rakhi Utsav , Gokulnagar ,Bishalgarh :

রাজ্য পুলিশের উদ্যোগে বিশালগড়ের গোকুলনগর TSR -এর প্রথম ব্যাটেলিয়নের সদর দপ্তরে গতকাল রাখী বন্ধন উৎসব আয়োজিত হয় | পুলিশ ও TSR মহিলা কর্মীরা অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার হাতে রাখী পড়িয়ে দেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন রাখীবন্ধনের মাধ্যমে মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক আরও সুদৃঢ় হয়। এতে আত্মবিশ্বাস বাড়ে। বর্তমানে পুরুষদের তুলনায় মহিলারাও কোনো অংশে পিছিয়ে নেই। ত্রিপুরা পুলিশ ও টিএসআরের

মহিলা কর্মীরাও ভালো কাজ করছেন। তাদের  ওপর মানুষের আশা-আকাঙ্ক্ষা রয়েছে।

*********************

**PM visit to Uzbekistan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র  মোদী  দুদিনের সফরে মধ্য এশিয়ার দেশ উজবেকিস্তানে গেছেন।  গতকাল সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উজবেকিস্তানের  রাজধানী তাসখন্দে গিয়ে পৌছুলে  সেদেশের রাষ্ট্রপতি শাভকত মিরজিয়য়েভ তাঁকে বিমানবন্দরে  স্বাগত জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও রাষ্ট্রপতি  শাভকত মিরজিয়য়েভের দ্বিপাক্ষিকভাবে গুরুত্বপূর্ণ সমস্ত বিষয়ে আলোচনা করবেন।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর চতুর্থ বারের জন্য উজবেকিস্থান সফরকে কেন্দ্র করে ও তাঁকে  স্বাগত জানাতে পুরো  তাসখন্দ শহরকে ভারতীয় জাতীয় পতাকা ও হোর্ডিং এ সাজিয়ে তোলা হয়েছে।  তাসখন্দে বসবাসরত ভারতীয় সম্প্রদায়ও প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানাতে বিপুল সংখ্যায় উপস্থিত ছিলেন বিমানবন্দরে l

*******************

**NFR- Re-scheduled:**

এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, আজ  ও আগামীকাল  ১৫৬৫০ নারেঙ্গি-আগরতলা এক্সপ্রেস নারেঙ্গি থেকে ছাড়বে সন্ধ্যা ৬ টা ৩০ মিনিটে। আজ ০১৬৬৬ আগরতলা-রাণী কমলাপতি এক্সপ্রেস আগরতলা থেকে ছাড়বে সন্ধ্যা ৭ টা ২০ মিনিটে। আগামীকাল  ২০৫০১ আগরতলা-আনন্দবিহার তেজস রাজধানী এক্সপ্রেস আগরতলা থেকে ছাড়বে সন্ধ্যা ৭ টায়।

*********************

**Tourism-Sushanta:**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে গত তিনটি অর্থ বছরে পর্যটকের সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। গত অর্থ বছরে রাজ্যে পর্যটকের সংখ্যা ছিল ৭ লক্ষ ২৯ হাজার ৪১৪ জন। এর মধ্যে বিদেশি পর্যটক ছিলেন ১৯ হাজার ১৭১ জন। রাজ্য বিধানসভায় তিনি একথা জানান। তিনি জানান, রাজ্যে বর্তমানে আনুমানিক ৪00 কোটি টাকা ব্যয়ে পাঁচটি পর্যটন প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে।

*******************

## Sugar-Price:

সরকার জানিয়েছে, দেশে চিনির কোনো ঘাটতি নেই এবং যুক্তিসঙ্গত দামে পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করতে সব প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। ভোক্তা বিষয়ক মন্ত্রক জানিয়েছে, সম্প্রতি চিনির কারখানা মূল্য প্রায় ২0 শতাংশ কমেছে এবং খুচরো দামও নিম্নমুখী। কৃত্রিম সংকট রুখতে আগামী মাস থেকে মাসিক কোটার পরিবর্তে পাক্ষিক চিনি বণ্টন ব্যবস্থা চালু করা হবে।

*******************

**Narcotics Seized.**

Central Bureau of Narcotics CBN- এর মধ্যপ্রদেশ ইউনিট ৬৬ লাখেরও বেশি নেশা জাতীয় ওষুধ সাইকোট্রপিক ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে। এই ঘটনায়,একটি লরি সহ এক ব্যক্তিকে আটক করা হয়েছে। কেন্দ্রীয় অর্থ মন্ত্রক থেকে জানানো হয়, অপারেশন বজ্র ২.0 অনুযায়ী আন্তঃরাজ্য পাচার চক্রের বিরুদ্ধে এই সাফল্য পাওয়া গেছে। নারকোটিক ড্রাগস অ্যান্ড সাইকোট্রপিক সাবস্ট্যান্সেস (NDPS) অ্যাক্ট, অনুযায়ী এই সব নেশা জাতীয় ওষুধ বাজেয়াপ্ত করা হয়েছে। এইসব সাইকোট্রপিক ওষুধের পাচারের সঙ্গে যুক্ত অন্যান্য ব্যক্তি এবং সংস্থাগুলোকেও চিহ্নিত করার চেষ্টা করা হচ্ছে।

****************

**Football :**

ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত চন্দ্র মেমোরিয়াল প্রথম ডিভিশন ফুটবলে জয় পেল এগিয়ে চলো সংঘ। গতকাল সন্ধ্যায় উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত খেলায় জুয়েলস অ্যাসোসিয়েশনকে পাঁচ – এক গোলে পরাজিত করেছে।

*****************

**Weather F.O:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে রাজ্যের সব কয়টি জেলায়। এছাড়া পশ্চিম ত্রিপুরা, খোয়াই, ধলাই, সিপাহীজলা গোমতী ও দক্ষিণ জেলার কোথাও কোথাও ভারি থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা দেওয়া হয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। এদিকে IMD -র পক্ষ থেকে আগামী ২ দিন ওরিষা রাজ্যে ভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা জারী করেছে | তাছাড়া অরুনাচল প্রদেশ আসাম, মেঘালয় ছত্তিশগড় ও গাঙ্গেয় পশ্চিম বঙ্গে আজ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানানো হয় |

********************

*******************